

💵 কিতাবুত তাওহীদ

বিভাগ/অধ্যায়ঃ ১ হতে ৬৭ তম অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মদ বিন আব্দুল ওহহাব

৫৩ - 'হে আল্লাহ তোমার মর্জি হলে আমাকে মাফ করো' প্রসঙ্গে

🕽 । সহীহ হাদীসে আবু হুরায়রা রা. হতে বর্ণিত আছে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্ল**াম এরশাদ করেছেন** ,

لا يقل أحدكم اللهم اغفر لى إن شئت اللهم ارحمني إن شئت، ليعزم المسألة فإن الله لا مكره له.

"তোমাদের মধ্যে কেউ যেন একথা না বলে, 'হে আল্লাহ, তোমার ইচ্ছা হলে আমাকে মাফ করে দাও, 'হে আল্লাহ, তোমার ইচ্ছা হলে আমাকে করুণা করো'। বরং দৃঢ়তার সাথে আল্লাহর কাছে প্রার্থনা করবে। কেননা আল্লাহর উপর জবরদস্ভী করার মত কেউ নেই।" (বুখারি)

২। সহী মুসলিম শরীফে বর্ণিত আছে,

وليعظم الرغبة فإن الله لا يتعاظمه شيئ أعطاه

"আল্লাহর কাছে প্রার্থনা করার উৎসাহ উদ্দীপনাকে বৃদ্ধি করা উচিৎ। কেননা আল্লাহ বান্দাকে যাই দান করেন না কেন তার কোনটাই তাঁর কাছে বড় কিংবা কঠিন কিছুই নয়।"

Source — https://www.hadithbd.com/books/link/?id=5129

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন